তারিখ 22 NOV 1991
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 1

2

74

দৈনিক খবর

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# ভিসির বাসভবনে আবার হামলা ঃ গাড়ী ভাঙচুর

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ২১শে নভেম্বর।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসির বাসভবনে আজ আবার হামলা এবং গাড়ী ভাঙচুর হয়েছে।

পরীক্ষা পিছানোর দাবী নিয়ে এ ঘটনা ঘটে। জানা গেছে, আজ নির্ধারিত অনার্স পরীক্ষা হরতালের কারণে শনিবার নির্ধারণ করা হয়। এটা আরও পিছিয়ে দেয়ার দাবীতে একদল ছাত্র বিক্ষোভ মিছিল সহকারে ভিসির বাসভবনের দিকে যাবার পথে

২ এর পাতায় দেখুন

## ভিসির বাসভবনে

প্রথম পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয়ের একটি প্রাইভেট কার ও একটি মাইক্রোবাস ভাঙচুর করে। পরে তারা ভিসির বাসভবনে পৌঁছে সেখানে ইট পাটকেল ছোড়ে। সেখানে এ সময় পুলিশ থাকলেও তারা কোন ব্যবস্থা নেয়নি।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা জানিয়েছেন ঃ একটি ছাত্র সংগঠনের সন্ত্রাসী কার্যকলাপে গত কয়েকদিনে বিশ্ববিদ্যালয়ের প্রায় ৫০ লাখ টাকার সম্পদ ক্ষতি হয়েছে। ক্যাম্পাসে আতংক বিরাজ করছে। প্রভোস্ট এবং হাউজ টিউটররা আবাসিক হলসমূহে দায়িত্ব পালন করতে পারছেন না।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ডঃ ইফতেখার উদ্দিন চৌধুরী এক বিবৃতিতে বলেছেনঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ইসলামী ছাত্র শিবিরে দীর্ঘদিন ধরে নির্বাচিত উপাচার্যের পদত্যাগ ও অপসারণ দাবী করে যে অব্যাহত সন্ত্রাস চালিয়ে যাচ্ছে তা কোনভাবেই গণতন্ত্রসম্মত ও নিয়মতান্ত্রিক আন্দোলন নয়। উপাচার্য সিনেট কর্তৃক সর্বোচ্চ ভোটে নির্বাচিত এবং চ্যান্সেলর কর্তৃক নিয়োগপ্রাপ্ত চার বছরের মেয়াদের জন্য বৈধ প্রধান নির্বাহী। তিনি বিশ্ববিদ্যালয়ের সকল নির্বাচিত সংগঠন ও বিধিবদ্ধ পর্ষদের সম্পূর্ণ আস্থাভাজন। মেয়াদ পূং হওয়ার পূর্বে তাকে জোরপূর্বক সরানো গণতান্ত্রিক রীতিনীতিকে পদদলিত করবে ও বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনকে খর্ব করা হবে যা কারো কাম্য হতে পারে না। আমরা তাই ফারুক হত্যার আসামী কতিপয় দুর্বৃত্তের সন্ত্রাসী কার্যকলাপের তীব্র প্রতিবাদ জানাচ্ছি। কতিপয় শিক্ষক ও সরকারের একটি ক্ষুদ্র অংশের প্রশ্রয়পুষ্ট এবং নিরুপদ্রবে লালিত সন্ত্রাসের কবলে আজ দেশের অন্যতম সর্বোচ্চ বিদ্যাপীঠ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ধ্বংসের ধারপ্রান্তে পৌঁছে গেছে যা আর কারো অজানা নেই। আমরা তাই চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে বাঁচানোর জন্য সরকার ও সংশ্লিষ্ট সকল মহলকে আবারও উদাত্ত আহবান জানাচ্ছি।